



নবনিযুক্ত আইজিপিকে র‍্যাঙ্ক ব্যাজ পরালেন প্রধানমন্ত্রী



সংগৃহীত ছবি

বাংলাদেশ পুলিশের নতুন মহাপরিদর্শক (আইজিপি) হিসেবে দায়িত্ব নেওয়ার পর মো. আলী হোসেন ফকিরকে আনুষ্ঠানিকভাবে র‍্যাঙ্ক ব্যাজ পরিয়ে দেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সচিবালয়ে আয়োজিত সংক্ষিপ্ত অনুষ্ঠানে এই ব্যাজ পরানো হয়। অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদও উপস্থিত ছিলেন। এর মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে তার দায়িত্ব পালনের যাত্রা শুরু হয়।

এর আগে সকালে পুলিশ সদর দপ্তরে গিয়ে দায়িত্ব গ্রহণ করেন তিনি। সেখানে তাকে গার্ড অব অনার দেওয়া হয়। পরে বিদায়ী আইজিপি বাহারুল আলমের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও শুভেচ্ছা বিনিময় করেন। সব আনুষ্ঠানিকতা শেষে নতুন দায়িত্ব গ্রহণের প্রক্রিয়া সম্পন্ন হয়।